

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৪

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ “মুশরিকদের সন্তানরা কি তোমাদের মাঝে শ্রেষ্ঠ নয়?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর এই বক্তব্যের কারণ

ذَكَرَ الْعِلَّةَ مِنْ أَجْلِهَا قَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "أَوْلَيْسَ خِيَارَكُمْ أَوْلَادُ الْمُشْرِكِينَ"

আরবী

سَمِعْتُ أَبَا خَلِيفَةَ يَقُولُ سَمِعْتُ عَبْدَ الرَّحْمَنِ بْنِ بَكْرِ بْنِ الرَّبِيعِ بْنِ مُسْلِمٍ يَقُولُ سَمِعْتُ الرَّبِيعَ بْنَ مُسْلِمٍ يَقُولُ سَمِعْتُ مُحَمَّدَ بْنَ زِيَادٍ يَقُولُ: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: سَمِعْتُ أَبَا الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: "عَجِبَ رَبُّنَا مِنْ أَقْوَامٍ يُقَادُونَ إِلَى الْجَنَّةِ فِي السَّلَاسِلِ"

الراوي: أبو هُرَيْرَةَ | المحدث: شعيب الأرنؤوط | المصدر: صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 134 | خلاصة حكم المحدث: إسناده صحيح على شرط مسلم

বাংলা

১৩৪. আবু হুরাইরা রাদিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আবুল কাসিম মুহাম্মাদ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: “আমাদের প্রতিপালক একদল লোক দেখে মুগ্ধ হন, যাদেরকে শিকল পড়িয়ে জান্নাতে নিয়ে যাওয়া হবে।”[1]

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "عَجِبَ رَبُّنَا", مِنْ أَلْفَاظِ التَّعَارُفِ الَّتِي لَا يَتَهَيَّأُ عِلْمُ الْمُخَاطَبِ بِمَا يُخَاطَبُ بِهِ فِي الْقَصْدِ إِلَّا بِهَذِهِ الْأَلْفَاظِ الَّتِي اسْتَعْمَلَهَا النَّاسُ فِي مَا بَيْنَهُمْ وَالْقَصْدُ فِي هَذَا الْخَبَرِ السَّبْيُ الَّذِي يَسْبِيهِمُ الْمُسْلِمُونَ مِنْ دَارِ الشِّرْكِ مُكْتَفِينَ فِي السَّلَاسِلِ يُقَادُونَ بِهَا إِلَى دُورِ الْإِسْلَامِ حَتَّى يُسَلَّمُوا فَيَدْخُلُوا الْجَنَّةَ وَلِهَذَا الْمَعْنَى أَرَادَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِقَوْلِهِ فِي خَبَرِ الْأَسْوَدِ بْنِ سَرِيحٍ "أَوْلَيْسَ خِيَارَكُمْ أَوْلَادُ الْمُشْرِكِينَ" وَهَذِهِ اللَّفْظَةُ أُطْلِقَتْ أَيْضًا بِحذفٍ مِنْ عِنْدِهَا يُرِيدُ أَوْلَيْسَ مِنْ خِيَارِكُمْ

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বাণী “عَجِبَ رَبُّنَا” “আমাদের প্রতিপালক মুগ্ধ হন) –এগুলো মানুষের মাঝে প্রচলিত শব্দ; এগুলি এমন কিছু উদ্দেশ্যপূর্ণ শব্দ যা শ্রোতা তাদের মাঝে প্রচলিত এই ধরনের শব্দ ছাড়া উদ্দেশ্য বুঝতে পারে না।[2]

হাদীসের মর্ম হলো সেই সব লোক যাদেরকে মুসলিমগণ দারুল কুফর থেকে কিছু মুশরিকদের বন্দি করে শিকল পরিয়ে দারুল ইসলামে নিয়ে আসে, অতঃপর এক পর্যায়ে তারা মুসলিম হয়ে যান। ফলে তাঁরা জান্নাতে প্রবেশ করেন।

“মুশরিকদের সন্তানরা কি তোমাদের মাঝে শ্রেষ্ঠ নয়?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর এই বক্তব্যের অর্থও এমনই; এই বাক্যেও مِنْ (অন্যতম) উহ্য আছে। কাজেই বাক্যের মর্মার্থ হলো: মুশরিকদের সন্তানরা কি তোমাদের মাঝে শ্রেষ্ঠ ব্যক্তিদের অন্তর্ভুক্ত নয়?”

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৩০১০; আবু দাউদ: ২৬৭৭; মুসনাদ আহমাদ: ২/৪৫৭। হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (যিলালুল জান্নাহ: ৫৭৩)

[2] আল্লাহর সিফাত হিসেবে ব্যবহৃত এই ধরনের শব্দগুলোর প্রকৃত ও প্রচলিত অর্থই গ্রহণ করতে হবে। (মাজমূ ফাতাওয়া শাইখুল ইসলাম ইবনু তাইমিয়া: ১/২৪৩; ঈমান: ১১১) এই ধরনের শব্দগুলোর ব্যাখ্যা, বিকৃতি প্রভৃতি করে প্রকৃত অর্থ বাতিল করা যাবে না বা অন্য অর্থে ব্যবহার করা যাবে না। (মাজমূ ফাতাওয়া শাইখুল ইসলাম বিন বায রহিমাল্লাহ: ৬/৩৫০) -অনুবাদক

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88300>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন